# সম্পাদকীয়

## করোনা ও মানবজাতির ভবিষ্যৎ

এখন কঠিন সময়। বিশ্বযুদ্ধ না হলেও বিশ্বযুদ্ধ। হ্যাঁ তৃতীয় বিশ্বযুদ্ধ বলা যেতে পারে। দ্বিতীয় বিশ্বযুদ্ধে যতটা দেশের ওপর অর্থনৈতিক ও আতঙ্কের প্রভাব পড়েছিল তার দ্বিগুণ প্রভাব পড়েছে দ্বিগুণ দেশের ওপর, বলা যায় প্রায় সব দেশের ওপর। আধুনিক অস্ত্রশস্ত্রে সজ্জিত দেশ গুলো আজ আতঙ্কিত। মানুষ চন্দ্র, মঙ্গল জয় করলেও বর্তমান পরিস্থিতির মোকাবিলা করতে তটস্থ। এই সঙ্কটময় পরিস্থিতির নাম 'করোনা ভাইরাস-১৯'। মানুষ ঘর থেকে বেরোতে ভয় পাচ্ছে। কারো সঙ্গে মিসতে ভয় পাচ্ছে। কাপড় পরতে ভয় পাচ্ছে। এই ভয়ের জন্য সরকার স্কুল, কলেজ বন্ধ দিয়ে দিয়েছে। মানুষকে বলা হচ্ছে ঘর থেকে না বেরোতে। মাস্ক দিয়ে মুখ ঢেকে চলতে, সাবান দিয়ে বারবার হাত মুখ ভালো করে ধৌত করতে। সমস্ত ট্রেন বন্ধ করে দেওয়া হয়েছে, বাস চলাচলে অনেক ধরনের আইন প্রণয় করা হয়েছে। দোকান, মন্দির, মসজিদ ইত্যাদি বন্ধ। অনেক মানুষ সচেতন, অনেক মানুষ অসচেতন। ভারতবর্ষের সমস্ত রাজ্যের মুখ্যমন্ত্রীরা নিজের নিজের মতো করে নিজের রাজ্যবাসীকে বাঁচানোর জন্য নানা বৈজ্ঞানিক কৌশল অবলম্বন করেছেন। প্রধান মন্ত্রী শ্রী নরেন্দ্র দামোদর দাস মোদী মহোদয় এই ব্যাপারে আরো বেশি সচেতন। এই 'করোনা' ভাইরাস যাতে আরো বিস্তারিত না হয় তাই তিনি ২২-০৩-২০২০ তারিখ ভারতবাসী সকল জনসাধারণকে অনুরোধ করেছেন 'জনতা কারফিউ' পালন করতে। এ ব্যাপারে মানুষ প্রধান মন্ত্রীকে আশ্বস্ত করে এবং বন্ধ অনেকটাই সফল হয়। কিন্তু এক শ্রেণীর মানুষ প্রধান মন্ত্রীর এই 'জনতা কারফিউ' ব্যাপারটাকে তুচ্ছ-তাচ্ছিল্য করে। দীর্ঘদিন ভারতবর্ষ লকডাউনে থাকে। এখন ঈশ্বর-আল্লা সংকুচিত। ধর্মীয় পাণ্ডারা এখন মুখোশের আড়ল-আবডাল থেকে ছিটকে পড়েছেন। কিন্তু করোনা ভাইরাস নিয়ে শিল্পী এবং সাহিত্য প্রেমিকরা সক্রিয়। তাই দেখা যায় কেউ 'করোনা ভাইরাস'কে নিয়ে গান গাইছেন, কেউ কবিতা লিখছেন, কেউ আবৃত্তি করছেন, কেউ পথ নাটিকা করছেন, কেউ গল্প লিখছেন ইত্যাদি। এই করোনা-র তাণ্ডব থেকে সবাই নিস্তার চাই। কিন্তু নিস্তার আসরে প্রতিজন ব্যক্তি সতর্ক হলে, নইলে প্রকৃতির এই যুদ্ধে পৃথিবী ধ্বংসের দিকে অগ্রসর হবে অতি অল্প দিনে। পৃথিবীতে প্রায় দশ লক্ষ মানুষ প্রাণ হারিয়েছে। এখনো ভারতবর্ষ অনেক সুরক্ষিত আছে। প্রায় তিন কোটি মানবী এই ভয়ানক রোগে আক্রান্ত, এদের শনাক্ত করা হয়ে গেছে, চিকিৎসা চলছে। আর যেন সংক্রমিত না হয় সে প্রচেষ্টায় নিজেকে নিয়োজিত রাখা উচিত। তবেই পৃথিবী সুন্দর হবে। দুঃখের সঙ্গে বলতে বাধ্য হচ্ছি যে 'স্বপ্ন' নববর্ষ ১৪২৭ যথা সময়ে প্রকাশ করা গেল না, তাই নববর্ষ ও শারদ ১৪২৭ সংখ্যা একসঙ্গে প্রকাশিত হল।

# স্বপ্ন

ISSN 0976-9676

A Peer Reviewed National Level Bengali Research Journal

15th April 2020


## পাতাক্রম


১. সঞ্জয় ভট্টাচার্য
বিধবা বিবাহ প্রচলন ও বিদ্যাসাগর ১-৬

২. রমাকান্ত দাস
করোনা-কেন্দ্রিক লোকসঙ্গীত ৭-১৮

৩. রূপদত্তা রায়
সত্যজিৎ রায়ের 'সোনার কেল্লা'র সন্ধানে ১৯-৩৭

৪. জাহ্নবী দাশ
আমাদের লালমোহনবাবু : প্রসঙ্গ 'সোনার কেল্লা' ৩৮-৪৫

৫. অনামিকা চক্রবর্তী
জ্যোতির্ময়ী দেবীর 'এপার গঙ্গা ওপার গঙ্গা':
দেশভাগের এক যন্ত্রণাময় প্রকাশ ৪৬-৫৭

৬. লক্ষ্মী নাথ
'এপার গঙ্গা ওপার গঙ্গা' : মানবী কথার এক ভিন্ন বয়ান ৫৮-৬৫

৭. অনির্বাণ দত্ত
শিশুসাহিত্যিক উপেন্দ্রকিশোর ৬৬-৮১

৮. অভিজিৎ গঙ্গোপাধ্যায়
বেদান্ত থেকে বিরিয়ানি ও এক বিশীর্ণ জীবনের অধিকারী
সন্ন্যাসীর বিশ্ববিজয় ৮২-৯১

৯. কুমার বিষ্ণু দে
অনুবাদ চিন্তার পরিচয় ৯২-১০৩

১০. ময়ূরাক্ষী নাথ
স্বামী বিবেকানন্দের জীবনদর্শন ও নারীচিন্তা ১০৪-১১১

১১. দীপান্বিতা দাস
অসহায় মানুষের দরদী কথকতা :
প্রসঙ্গ মহাশ্বেতা দেবীর "মাদার ইন্ডিয়া" ১১২-১১৯

১২. স্বপ্না বেগম চৌধুরী
সুন্দরবন : লোকসংস্কৃতি ১২০-১২২


# বিধবা বিবাহ প্রচলন ও বিদ্যাসাগর



*সঞ্জয় ভট্টাচার্য*


বাংলাদেশের শিক্ষার প্রসার, নারীর প্রগতি ও ধর্মসংস্কার বিষয়ে প্রথম কাজ শুরু করেন সম্ভবত রাজা রামমোহন রায়। পরবর্তীকালে এই ধারাকেই এগিয়ে নিয়ে যান ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। রামমোহনের উদ্যোগে সতীদাহ প্রথা আইনত রদ হয়ে গেলে সমাজে বাল্যবিধবাদের সংখ্যা বেড়ে যায়। এই বাল্য বিধবাদের অসহনীয় কষ্ট দেখে ঈশ্বরচন্দ্রই প্রথম বিধবা বিবাহের প্রস্তাব বঙ্গীয় সমাজে পেশ করেন। ইংরেজি শিক্ষিত যুবকরা বিশেষ করে ইয়ংবেঙ্গলের দল বিধবা বিবাহ বিষয়ে বিশেষ আগ্রহী ছিলেন। জ্ঞানান্বেষণ ও বেঙ্গল স্পেক্টেটরের পৃষ্ঠায় তারা এ বিষয়ে নানাভাবে আলোচনা করেছিলেন।

উনিশ শতকের ত্রিশের দশক থেকেই বিধবা বিবাহ নিয়ে বাঙালি সমাজ চর্চার সূত্রপাত ঘটে। ১৪ মার্চ, ১৮৩৫ এ 'সমাচার দর্পণ' এ শান্তিপুর নিবাসী কয়েকজন অবিবাহিত কুলীন কন্যা সম্পাদকের কাছে এক পত্রে তাদের দুঃখ-দুর্দশা বর্ণনা করে বাংলায় ব্রাহ্মণ কায়স্থ ঘরে বিধবা বিবাহ প্রচলন এবং উপস্ত্রী নিরোধ সম্পর্কে আইন প্রার্থনা করেন। (সমাচার দর্পণ, ১৪.৩.১৮৩৫, পৃ.৮৮)। ১৮৩৭ খ্রিস্টাব্দের ২৯ এপ্রিল 'জ্ঞানান্বেষণে' প্রকাশিত সংবাদে দেখা যায় যে কলকাতার কয়েকজন সম্ভ্রান্ত ব্যক্তি স্ত্রীশিক্ষা ও বিধবা বিবাহ প্রচলন উৎসাহ দেবার জন্য এক সভা আহ্বানে মনস্থির করেছেন। ১৮৩৭ এ ল কমিশন বালবিধবাদের সমস্যা বিশেষভাবে আলোচনা করে এ বিষয়ে আইন প্রণয়নে উদ্যোগী হন, কিন্তু ইংরেজ আইনজ্ঞরা আইনের মাধ্যমে এই প্রথা রোধ করায় বেশি আগ্রহ দেখাননি। ১৮৪২ খ্রিস্টাব্দের নব্যবঙ্গের মুখপাত্র 'বেঙ্গল স্পেক্টেটর' এর প্রথম সংখ্যায় বিধবার পুনর্বিবাহ সমর্থক প্রবন্ধ দেখা যায়। একই সময়ে খ্রিস্টান মিশনারীরা বিধবা বিবাহের সমর্থনে এগিয়ে আসেন (The calcutta christian observers, jan, 1842)।

প্রসঙ্গত স্মরণীয় বিধবা বিবাহ আন্দোলন বিদ্যাসাগরের প্রধান সহায়ক ছিলেন ডিরোজিওর ছাত্ররা। বিদ্যাসাগরের পূর্বে ১৮৪০ খ্রিস্টাব্দে কলকাতার বিখ্যাত ধনী মতিলাল শীল [illegible] বিধবা মহিলা পুনর্বিবাহ করলে তাকে দশ হাজার টাকা দেওয়ার প্রতিশ্রুতি দেন। তবে তার এই আবেদনে তিনি সাড়া পাননি। তাছাড়া [illegible] নীলকমল বন্দ্যোপাধ্যায় প্রভৃতি কয়েকজন ব্যক্তি সমাজে বিধবা বিবাহের প্রবর্তনের চেষ্টা করে ব্যর্থ হন। বিদ্যাসাগরের কিছুদিন পূর্বে কৃষ্ণনগরের মহারাজা কৃষ্ণচন্দ্রের বিধবা বিবাহ বিষয়ক প্রবর্তনের চেষ্টা সফল হয়নি। চণ্ডীচরণ বন্দ্যোপাধ্যায় তাঁর 'বিদ্যাসাগর' গ্রন্থে লিখেছেন যে, কৃষ্ণনগরের নব্য সম্প্রদায়

# মণিপুরী সাহিত্যদ অখন্নব নৈন-ৱারেং



অইবী
দ. ও. উষারানী সিংহ

Dr. O. Usharani Singha

Scanned with CamScanner

ওইনাম উষারানী সিংহ : পোকপা চহী ইং ১৯৭২ দনি, লৈফল্লন ভারিজোন, হাইলাকান্দি, লাইশ্রমখুন মমাঙ লৈকাই । এম. এ. মণিপুরি পি. এইচ.ডি. আসাম ইউনিভরসিতিগীনি। লালা রুরেল কোলেজ মণিপুরী মনঙদ এসিসটেন প্রোফেসর ওইন থবক তৌরি । সৈরেংগী লাইরিক অনী ফোংখ্রে এ. আই. আর. সিলচরগী এপ্রুপ তৌরব সৈরেংবীনি । সাহিত্যগ মরী লৈনব সংস্থান কয়া খুৎসমনদুন সাহিত্যদ থৌদাং য়াদুন লাকলি ।

ফোংখ্রব লাইরিকসিং :

খোংজি অদুগী খোজেলদা ইং ১৯৯৫ (সেরেং)

মঙাল কংদ্রিব কুয়োমলত্তা ইং ২০০৭ (সৈরেং)

BNIT BOOK BUILDERS
Chandmari, Guwahati-03
e-mail : bnitbookbuilders@gmail.com

ISBN 978-93-94334-11-3

**'Manipuri Sahityada Akhannaba Neina Wareng'**

*A collection of Ten essays concerning on Manipu Literature written by Dr. O. Usharani Singha.*

*Published by: BNit Book Builders Chandmari, Guwahati, 78100*

| | | |
|---|---|---|
| ISBN | ঃ | 978-93-94334-11-3 |
| ©....... | ঃ | অইবী |
| অহানব ফোংব | ঃ | ২০২২ মে |
| কোপী মসীং | ঃ | ৫০০ খক |
| নমফম | ঃ | সিদ মঙাল প্রেস |
| মমল | ঃ | লুপা ২০০/- |


**ফোংখ্রব লাইরিকসিং ঃ**

খোংজি অদুগী খোঞ্জেলদা - ইং ১৯৯৫ (সৈরেং)

মঙাল ফংদ্রিব কুয়োমলক্তা ইং ২০০৭ (সৈরেং)

Dr. O. Usharani Singha

Scanned with CamScanner

# য়াওফম তাকপ


১) লাইনীংহন নাউরিয়া ফুলোগী সৈরেংদ
ইরোন্ অমসুং ইরম্‌দম্ - ১

২) চহি তরেৎ খুনতাকত্রিঙৈ মমাং অমসুং মতুংগী
মণিপুরীসিং মরু ওইন জারিবোন লৈবাকত মীৎয়েং
থমলগ নৈনব - ৫

৩) মণিপুরী সাহিত্যদ লমকোয় ৱারী নৈনব
(ইরাবত, কুঞ্জমোহন, এম.কে. বিনোদিনী, নীলকান্ত) - ২৩

৪) মণিপুরী সাহিত্যদ ৱারী মচাগী খোঙচৎ চাউখৎলকপ
(ব্রহ্মপুত্র তম্পাক) - ৫০

৫) লাল মমাঙগী মণিপুরী কবিসিংদ ইকোক্রিতিসিজমগী
মসক ঃ (খ্বাঃ চাউবা, ডাঃ কমল, হিজম অঙাংহল) - ৭০

৬) লান মমাংগী মণিপুরী সৈরেংদ বাংলা সাহিত্যগী ইথিল - ৮৬

৭) এম.কে বিনোদিনী পুনসি অমসুং সাহিত্য - ১০৪

৮) কেলেন্ডরিক ফেস্তিবল অম ওইন মীতৈগী 'সজিবু চৈরাওব' - ১১১

৯) মাইচৌ লৌরেমবম খোংনাং থাবগি মরমদ খরদং - ১১৮

১০) কবি সনামচাগী অরোইব সৈরেং 'অতিয়া অমসুং মালেম
লৈমায়'দ মিৎয়েং অম - ১২৪

# বাংলা শিশুকিশোর সাহিত্য চর্চায় চর্যায়

সংকলন

বিতান দে

প্রকাশকের লিখিত অনুমতি ছাড়া এই বইয়ের কোনো অংশের কোনো ধরনের প্রতিলিপি অথবা পুনরুৎপাদন করা যাবে না। এই শর্ত অমান্য করা হলে উপযুক্ত আইনি ব্যবস্থা নেওয়া হবে।

BANGLA SISHU KISHOR SAHITYA
CHARCHAY CHARJAY
Collection of Essays by various Writers
Compiled by Bitan De

প্রথম প্রকাশ মার্চ ২০২২

গ্রন্থস্বত্ব প্রকাশক

প্রচ্ছদ তর্পণ সরকার

পাঠ সম্পাদনা কস্তুরী গুপ্ত

ISBN: 978-81-955-427-4-1

বিন্যাস আক্ষরিক
মানকুণ্ডু, হুগলি ৭১২ ১৩৯

মুদ্রক শরৎ ইমপ্রেশনস প্রা. লি.
১৮বি, শ্যামাচরণ দে স্ট্রিট
কলকাতা ৭০০০৭৩

প্রকাশক একলব্য
রাজপুর, কলকাতা-৭০০১৪৯

যোগাযোগ ৮৯০২৫০৫৭৫৪/৯৬৭৪৪৯৫০২২
ekalavya.pub.book@gmail.com

ফেসবুক পেজ @chilekothaekalabya

৫২৫ টাকা

# সূচি

সংকলন প্রসঙ্গে ৯

'বালক': ঠাকুরবাড়ির উজ্জ্বল কীর্তি ১৩
নিরুপম আচার্য
অবিশ্যি অবিশ্যি সত্যজিৎ রায়ের গল্প ২২
সত্রাজিৎ বসু
শঙ্কুর সন্ধানে ২৮
নির্মাল্য কুমার ঘোষ
'স্টপার, কত দিকের আক্রমণ সামলাবে?' ৪৫
উদয় রতন মুখার্জী

দক্ষিণারঞ্জন মিত্র মজুমদারের 'ঠাকুরমার ঝুলি': ৬১
বাস্তবের মাটিতে কল্পনার খেলাঘর
ময়ূরাক্ষী নাথ
ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়-এর 'লুল্লু', ভূত— ৬৭
মানুষ, হাস্যরসের অপূর্ব মেলবন্ধন
স্বাতীলেখা রায়
বাংলা শিশু-কিশোর সাহিত্যের ক্রমবিকাশের ধারায় ৭৮
পত্র-পত্রিকা, বিদ্যাসাগর, ঠাকুরবাড়ি ও রায়বাড়ি
পার্বতী দাস

শিশুর চোখে অবাক পৃথিবী: টুনটুনির বই ৯৫
লক্ষ্মী নাথ
ভারতীয় মহাকাব্যের শিশুতোষ বঙ্গানুবাদে ১০২
উপেন্দ্রকিশোরের ভূমিকা
উৎসব চৌধুরী
শিশু-কিশোর সাহিত্য ও যোগীন্দ্রনাথ সরকার ১১০
ধনেশ্বর বর্মন
বাংলা শিশুসাহিত্যে রায়বাড়ির সুখলতা রাও ১১৯
বিজয় দাস
ঊনবিংশ শতকের শিশুপাঠ্য পত্র-পত্রিকা ১৪৩
তপন দাস
অবনীন্দ্রনাথ ঠাকুরের 'নালক': প্রসঙ্গ ভগবান বুদ্ধ ১৫৭
রীতা রাণী দে
নলিনী দাশ ও গোয়েন্দা গণ্ডালু ১৭১
প্রহ্লাদ রায়
সুকুমার রায়ের 'আবোল তাবোল': সুপাঠ্যের অন্তরালে ১৮৪
স্বর্ণালী দত্ত
বাংলা কমিকসের অদ্বিতীয় সম্রাট: ময়ূখ চৌধুরী ১৯৮
অরিজিৎ পাল
মোহনলাল গঙ্গোপাধ্যায়ের কিশোর সাহিত্যে স্কুলজীবন ২০৭
এবং কল্পনাবিলাসী কিশোররা
অন্বয় গুপ্ত
শিশু সাহিত্য ও কমিকস ভাবনার আলোকে ২২০
সাহিত্যিক নারায়ণ দেবনাথ
সন্তু সরদার
'আধুনিক রূপকথার যাদুকর' শৈলেন ঘোষ ও তাঁর সাহিত্য ২৩৪
সাগর দেবনাথ
কিশোর উপন্যাসের খুঁটিনাটি: অতীন বন্দ্যোপাধ্যায় ২৪৮
সৌমি মণ্ডল
বাংলা কিশোর সাহিত্যে বৈঠকি প্রবণতা: ২৫৪
'ইতি তোমার মা' ও 'ইতি পলাশ'
গোবিন্দ প্রকাশ মুখার্জি
নবীন কিশোর তোমায় দিলাম: সুনীল গঙ্গোপাধ্যায়ের ২৬৪
কিশোর সাহিত্যের জগৎ বিষয়ক আলোচনা
অদিতি রায়
'দুধ সায়রের দ্বীপ: ২৭৭
বাতাসা দ্বীপের রহস্য— যেখানে ভূতের ভয়...'
সহেলি মণ্ডল
শীর্ষেন্দুর অদ্ভুতুড়ে সিরিজ: প্রবণতার পরিকল্পনা ২৮৬
সানু ঘোষ
অথ পাণ্ডবের গোয়েন্দায় নমঃ ৩০৮
সৃজন দে সরকার
মারুফুল ইসলামের ছড়া বাংলাদেশের ঐতিহ্যের স্মারক ৩৩৪
মহম্মদ মুজাহিদ

লেখক পরিচিতি ৩৪৯

৩. পার্থজিৎ গঙ্গোপাধ্যায়, *শিশুসাহিত্যের সোনালি অধ্যায়*, প্রথম প্রকাশ: আশ্বিন ১৪২৫, সাহিত্যলোক, কলকাতা ৬।

৪. ড. ললিতা রায় (সম্পাদিত), *বাংলা শিশু কিশোর সাহিত্য ঐতিহ্য ও উত্তরাধিকার*, প্রথম প্রকাশ:১-১-২০২১, দিয়া পাবলিকেশন।

# শিশুর চোখে অবাক পৃথিবী: টুনটুনির বই

লক্ষ্মী নাথ

শিশুর মন সহজ সরল। কাটাকুটি ভরা জীবনের গোল্লা-ছকের বাইরে তাদের নিজস্ব ভাবনার দেশ। সে জগত শিশুর একান্ত কল্পনা দিয়ে তৈরি একটা সম্পূর্ণ আলাদা পরিসর। বড়োদের চোখ শাসানি, আদর-প্রশ্রয় সব কিছু দিয়ে টক-ঝাল-মিষ্ঠি করে গড়ে তোলা পরিবেশ থেকে শিশুর একান্ত জগত একদম আনকোরা। সেই শিশুর জগতকে বড়োদের চোখ দিয়ে দেখতে গেলে, হয়তো সবই মনে হবে, খেয়ালিপনা। কিন্তু সে শিশুর মনস্তত্ত্বকে সহজ আবেগে তাদের মতো করে কল্পনার আঁকাবুকি দিয়ে যাঁরা গড়ে তুলেছেন, সাহিত্যের বিস্তৃত পরিসরে তাকালে তার প্রমাণ পাওয়া যায় নানা খ্যাতনামা লেখকদের হাতে-কলমেই। বড়োদের জীবন মুখ আর মুখোশের মাঝখানে এক বিরামহীন চাওয়া-পাওয়ার নিয়মে বাঁধা। শিশুর মতো সহজ করে বলতে পারা, ভাবতে শেখা আপতভাবে সহজ মনে হলেও বাস্তবে ততটা নয়, কারণ— 'সহজ লোকের মতো; তাদের মতন ভাষা কথা/কে বলিতে পারে আর।'

অন্যদিকে শিশুর হামাগুড়ির বয়স থেকে একটু একটু বেড়ে ওঠার জীবনের সঙ্গে জড়িয়ে থাকে, রূপকথার কল্পলোকের একান্ত মায়া। সেখানে এসে হাতছানি দেয়— স্বপ্নে দেখা রাজকন্যা, দুয়ো ও সুয়ো রানির দুঃখ-সুখের গল্প-গাঁথা। কখনো বা রাজপুত্র ঘুরে বেড়ায় পরীর খোঁজে। হওয়া আর না হওয়ার অথবা সম্ভব ও অসম্ভবের মাঝখানে শিশুর ভোলা মন আপনা

থেকেই তৈরি করে নেয় বড়োদের প্রতিস্পর্ধী অথচ স্পর্শকাতর ভাবের সাথে ভাবনার জগত। তাই কবি হয়তো ঠিকই বলেছেন— 'ছোটো ছেলে হওয়ার সাহস আছে কি এক ফোঁটা/তাই তো এমন বুড়ো হয়েই মরি।'

সত্যি! কত আনন্দ আছে এভাবে সহজ পাঠের সতেজ জীবনে। যারা এ ছোট্ট অবাক পৃথিবীর গল্পকে সৃষ্টি করেন, সেই স্রষ্টাদেরও কৃতিত্ব কোনো অংশে কম নয়।

'টুনটুনির বই' এই গ্রন্থের শুরুতেই উপেন্দ্রকিশোর রায়চৌধুরী যখন বলেন (গ্রন্থকারের নিবেদন) অংশে— 'সন্ধ্যার সময় শিশুরা যখন আহার না করিয়াই ঘুমাইয়া পড়িতে চায়, তখন পূর্ববঙ্গের কোনো কোনো অঞ্চলের স্নেহরূপিণী মহিলাগণ এই গল্পগুলি বলিয়া তাদের জাগাইয়া রাখেন, সেই গল্পের স্বাদ শিশুরা বড়ো হইয়াও ভুলতে পারে না।'

তাহলে কি আছে এই গল্পগুলোতে যা একদিকে শিশুর পরিচয় করিয়ে দেয় ভূগোল-ইতিহাসের বাইরে আশ্চর্য ভুবনের সাথে। অন্যদিকে গল্পের মোড়কে কখনো কখনো খুব সচেতন ভাবে ফুটে ওঠে সমাজ বাস্তবতার স্বরূপও। যা হয়তো রূপকের অন্তরালে, কোনো বড়ো অথচ কঠিন বাস্তবকেই আমাদের সামনে তুলে ধরে।

নিছক গল্প বলার ছলে, কাহিনিগুলো পরিবেশিত হয়েছে এটা উপেন্দ্রকিশোর রায়চৌধুরীর লেখনী সম্পর্কে বলা যায় না, কারণ তাঁর বিশ্বাস ছিল— 'সমাজের জন্য হিতকর বিধানই মূর্ত।'

ফলে ২৭টি গল্পে সংকলিত গ্রন্থে খুব সাবলীল ভাবে প্রকাশ পেয়েছে ভালো-মন্দ, নীতিবোধের সাথে শিশুর নৈতিক বুদ্ধি বিকাশে লেখকের সহমর্মী প্রচেষ্টা। একটা শিশু, নীতি, উপদেশ মিশ্রিত এই গল্পগুলির মধ্যে একদিকে যেমন মনোরঞ্জন খুঁজে পাবে, অন্যদিকে সুকৌশলে গড়ে নিতে পারে নিজের আত্ম-বুদ্ধির পরিসরকেও, আগামী দিনের জন্যে। এমন পরিশীলিত চিন্তা একমাত্র তাঁর পক্ষেই করা সম্ভব। কেননা লেখক যুক্তিনিষ্ঠ চোখ দিয়ে দেখেন সমাজ-বাস্তবতার স্বরূপকে। শক্তিমানের সাথে শক্তিহীনের প্রতিপক্ষ লড়াই, চূড়ান্ত ভালো মানুষী ভাবের সাথে সুচতুর ধূর্ত বুদ্ধির এক্কা-দক্কা পায়ে শীতল-যুদ্ধ, জয়-পরাজয়, সৎ-অসৎ মানসিকতার মধ্যে, তফাৎ, রাগ, গুপ্ত হিংসা, ইত্যাদি সব-কিছু মিলিয়ে বিপ্রতীপ ধারণার পুরো সমীকরণটাই যেন পালটে দেন উপেন্দ্রকিশোর রায়চৌধুরী।



জীবন-যুদ্ধে টিকে থাকতে হলে শুধু একনিষ্ঠ ভাবে উদার অথবা ভালো মানুষ হলে চলবে না। প্রয়োজন পড়ে একান্ত মূল্যবোধেরও। লড়াই-এ জিততে হলে সবসময়ই যে সোজা পথে চলতে হবে এমন নয়। পরিস্থিতি ও পরিবেশ অনুযায়ী কূট কৌশলেরও আশ্রয় নিতে হবে, এমনটা প্রমাণ তাঁর গল্পেই রয়েছে।

'বাঘখেকো শিয়ালের ছানা'-গল্পে শিয়াল ও শিয়ালনী ভুলবশত বাঘের গর্তে, নিজেদের আস্তনা তৈরি করে নেয়। বাঘ শেয়ালের চাইতে শক্তিধর, কিন্তু বিপরীত পরিস্থিতিতে টিকে থাকতে শিয়াল ও শিয়ালনী বাঘকেই ভয় দেখালো 'ঝপাং' আর 'ভতাং' এর জোরে। যা অসলে বাস্তবে কিছুই নয়, শুধু মাত্র শেয়ালের চালাকি।

নিজের শিকারকে জব্দ করতে বাঘ বানরকে নিয়ে আসে, শেয়াল ও শিয়ালনী বুদ্ধির জোরে সুচতুর বানরকেও বাঘসহ চিরতরে তাড়িয়ে দেয়। বাঘ শক্তিশালী, সে এসেছিল শিয়ালের দুর্বল ছানাগুলো শিকার করতে কিন্তু গল্পে দেখা গেল শিয়াল বাঘকে ভয় দেখিয়েছে, তার ছানাগুলো বাঘখেকো এই বুদ্ধিতেই। বাঘের সাথে প্রত্যক্ষ লড়াইয়ে শিয়ালের পক্ষে জয়ী হওয়া অসম্ভব এবং নিজের ছানাগুলোর রক্ষাও তার দায়িত্ব। অতএব পরিস্থিতি বুঝে পথ চলা। সোজা আঙুলে ঘি না উঠলে, আঙুল যেভাবে বাঁকাতে হয়। ঠিক তাই। একমাত্র বুদ্ধির জোরেই প্রতিকূল পরিস্থিতিতেও টিকে থাকতে পারা যায়, তার উদাহরণ এই গল্প। বাঘের গর্তে শেয়ালের বাস। অর্থাৎ শোষকের উপর শোষিতের জয়। বাহুবলে নয় বুদ্ধিবলে।

'বাঘবর' শিরোনামের গল্পে দরিদ্র ব্রাহ্মণ-ব্রাহ্মণী নিজের একমাত্র মেয়েকে পায়েস খাওয়াবে বলে জমিদারের কাছ থেকে সব সরঞ্জাম চেয়ে নিয়ে আসে, পায়েস তৈরি করে সেই দরিদ্র পরিবার খেয়েও নেয়, কিন্তু চালের উপর বসে থাকা লোভী কাক, পায়েস না খেতে পারায় প্রতিহিংসায় ষড়যন্ত্র করে। সে বনের বাঘকে গিয়ে মিথ্যে প্রলোভন ও প্রস্তাব দেয় দরিদ্র বাম্মাণের মেয়েকে বিয়ে করার ও উপহার স্বরূপ বাঘের গাছের সমস্ত লেবু নিয়ে যায়, কন্যা পক্ষকে উপহার দেবে বলে। বাঘ সময়মতো বিয়ের জোগাড় হচ্ছে না দেখে কাককে দিয়ে ওদের চিবিয়ে খাওয়ার ভয় দেখায়। প্রাণভয়ে রাজি হয়ে কন্যাপক্ষ বাঘকে আসতে বলে। গ্রামের সব লোক

মিলে, তিনশো উনুনে তিনশো হাঁড়ি তেল চড়ায়, ও কুয়োর উপর বাঘের বসার ব্যবস্থা করে। দেখা গেল বাঘ যেই না লাফ দিয়ে বসতে চেয়েছে, বিছানা সমেত কুয়োর ভেতর পড়ে যায়। সঙ্গে সঙ্গে গ্রামবাসী আগুন ও তিনশো উনুনের গরম তেল কুয়োতে ঢালে, বোকা বাঘ দেখতে দেখতে পুড়ে ছাই। আর কাক? সে তামাশা দেখার জন্য চালে বসে ছিল, পাড়ার ছেলেরা ঢিল ছুড়ে তার মাথা একেবারে গুড়ো করে দিল। ব্যস! গল্প এখানেই শেষ।

গল্পটির বিষয় হয়তো সবারই জানা। তবুও একটু কাহিনি বলতে চাইলাম। মোটিফটা বোঝার জন্য।

উপেন্দ্রকিশোর শুধু একজন সুদক্ষ শিশু সাহিত্যিকই নন, তিনি নিষ্ঠাবান সমাজমনস্ক চিন্তাবিদও বটে। তাঁর কল্পনার হাতছানিতে, বাঘের বর হওয়া, শিয়ালের ঝাপাং, ভুতাং অস্ত্র, কাকের কথা বলা, কুমিরের ছানার শিয়ালের কাছে পণ্ডিত হতে চাওয়া ইত্যাদি বিষয় শিশুর সরল মনস্তত্বে আনন্দ ও কৌতুহলের সঞ্চার করে একথা ঠিক। পাশাপাশি তাঁর সৃষ্ট কুশীলবরা পশু, পাখি, গাছপালা, ইত্যাদি হলেও এরা সবাই আসলে গল্পে প্রতিনিধিত্ব করেছে আমাদের চারপাশে সারাক্ষণ দেখতে পাওয়া নানা রং-এর মানুষের পোশাকি মানসিকতার। ফলে তা একদিকে যেমন শিশুর সহজ সারল্যে কল্প-চেতনার উপাদানগুলোকে ঠিকঠাক ভাবে সাজিয়ে তুলেছে, অন্যদিকে লোককথার আড়ালে তুলে ধরেছে ছদ্ম-বাস্তবের আসল চেহারাও।

'বাঘবর' গল্পের মোড়কে ফুটে ওঠে প্রতিহিংসাপরায়ণ মানসিকতা, 'কাক'-যার প্রমাণ এবং এর পরিণাম কেমন হতে পারে তা গল্পের শেষে পাঠক দেখতে পেয়েছে। বাঘ-ই হোক আর কাক-ই হোক যেমনটি কর্ম করেছে, তেমনটি ফল দু-জনই পেয়েছে।

'উকুনে বুড়ির কথা'-এই গল্পটির ঘটনা ও কাহিনি বর্ণনা অবাস্তব। যা শিশুর কৌতূহলকে অবাক সব ভাবনা দিয়ে ভরিয়ে তোলে।— উকুনে বুড়ির দুঃখ কথা যে শুনল সবারই কিছু না কিছু সমস্যা তৈরি হল। প্রথমে বক থেকে শুরু করে নদী, হাতির লেজ খসে গেল, গাছের পাতা ঝরে গেল, ঘুঘুর চোখ, রাখালের হাতে লাঠি আটকে গেল। এমনকী রাজা সহ সভাসদ সবার বাসার জায়গা আটকে গেল ইত্যাদি। এসব শিশু-পাঠকের কাছে অদ্ভুত আনন্দের। সে 'উকুনে বুড়ির কথা'-গল্পে পারিপার্শ্বিক সমস্ত চরিত্রকে



মাত্র একটা কারণে একই সমস্যায় পড়তে দেখে আমোদ পায়, কেননা এ-সব কিছু তার চার পাশের চেনা-শোনা পৃথিবীর রোজগার দেখা উপকরণ। শিশুর ধারণায় রাজা মশাই কিংবা রানি মস্ত বড়ো ক্ষমতাধারী অলীক মানুষের মতো। সে জানে রাজা অথবা রানি আর পাঁচজন মানুষ থেকে বেশি আলাদা। তবে এই আলাদা মানুষগুলো যখন বেকায়দায় পড়ে এবং বুদ্ধিমান নাপিত এসে উদ্ধার করে, তখন তাদের হঠাৎ করে সাধারণ মানুষের মতো জর্জরিত হয়ে যাওয়াটাও শিশুর জিজ্ঞাসু দৃষ্টি এড়িয়ে যায় না।

জীবনে হাজারো সমস্যা থাকবে, এটা খুব স্বাভাবিক। সেখানে রাজা হোক অথবা অতি সাধারণ মানুষ, সবাইকে লড়াই করে সমাধান খুঁজে বেরও করতে হয়।

উপেন্দ্রকিশোর চিরজীবন শিশুদের জন্য লিখে গেছেন। তাঁর রচনাগুলি বিশেষত ভিন্ন-ভিন্ন জাতীয়। তাঁর লেখনীর মধ্যে শুধু বাস্তব-পৃথিবীর স্বরূপই শুধু প্রকাশ পায়নি। কীভাবে চার পাশের পৃথিবীর সাথে মিশে, জীবনকে উপভোগ করে বড়ো হওয়া যায় একান্ত নিষ্ঠা ও প্রচেষ্টার মাধ্যমে সেই বার্তাটুকুও আছে। কারণ-'উপেন্দ্রকিশোর শিশু সাহিত্যকে অন্যান্য শিশু সাহিত্যিকের মতো নীতি শিক্ষার আয়ুধের মতো ব্যবহার করেছেন।'

'টুনটুনি আর রাজার কথা' গল্পে-মূলত নীতি শিক্ষাই বড়ো হয়ে উঠেছে। টুনটুনি পাখি-ক্ষমতায় অতি সামান্য। রাজা শক্তিমান,অসাধারণ। সাত রানির নাক কাটা যাওয়া, রাজা টুনটুনি পাখি ভেবে ব্যাঙ ভাজা খাওয়া এবং গল্পের একদম শেষে রাজার তলোয়ারে নাক কাটা যাওয়া ও টুনটুনি পাখির রাজাকে কথায় কথায় ভেংচি কাটা, শিশুমনে গল্প পড়ার ও গল্প শোনার আগ্রহকে বাড়িয়ে তুলে। এতে কোনো সন্দেহ নেই। কিন্তু আগেই বলেছি, উপেন্দ্রকিশোর নীতিশিক্ষাটাকে বেশি গুরুত্ব দিয়েছেন। ফলে দুর্বলের উপর সবলের অত্যাচার যে সবসময় জয়ী হবে এমন কোনো ধ্রুবসত্য নেই। ক্ষমতা ও অধিকারে টুনটুনিও রাজার সমান হতে চায়। তাই রাজার টাকা চুরি করে বলে— 'রাজার ঘরে যে ধন আছে/টুনির ঘরেও সে ধন আছে।'

তবে, ক্ষমতাবান দুর্বল প্রতিপক্ষকে কখনই সমকক্ষ হিসেবে দেখতে চাইবে না, অহংকারী রাজাও সেই শ্রেণীর প্রতিভূ।

তবে আত্মবিশ্বাস ও বুদ্ধির বলে দুর্বল ব্যক্তিও ক্ষমতার প্রতিস্পর্ধী হয়ে দাঁড়াতে পারে টুনটুনি পাখি-সেই, অবদমিত মানুষের প্রতিনিধি স্বরূপ।

একথা ঠিক, শিশুসাহিত্য নিছক শিশুদের জন্য রচিত হলেও, তার আদল তৈরি হয় বড়োদের হাতেই। তার মানে দাঁড়ালো এই, একজন লেখক, স্রষ্টা হিসেবে, সচেতন প্রকারণিক দিক থেকে, অন্যজন পাঠক হিসেবে উদার, কল্পনা বিলাসী, উপভোক্তা। তাই মতাদর্শ বা নীতি শিক্ষার একটা প্রত্যক্ষ প্রভাব বাচনের মধ্যে থেকেই যায়। উপেন্দ্রকিশোর রায় চৌধুরীর 'টুনটুনির বই' গ্রন্থটিকে পূর্ববঙ্গীয় লোককথার শিল্পীত পুনর্নির্মাণ বলা যেতেই পারে। তবুও এই গ্রন্থে প্রায় সব গল্পগুলোতেই উচ্চস্তর ও নিম্নস্তর অর্থাৎ শক্তিমান ও শক্তিহীনদের মধ্যে একটা প্রতিহিংসা ও স্পর্ধার লড়াই প্রকট হয়ে উঠেছে। একটা জিজ্ঞাসা মনে জাগে শৈশবের সরলতাকে ফুটিয়ে তুলতে শিশুসাহিত্যে যে বিপুল উপকরণ ব্যবহৃত হয়েছে, তাতে প্রায় প্রতিটি ক্ষেত্রেই, শিশুর সহজ বোধের সামনে থাকে হিংসা দ্বেষ-ঘৃণায় ভরা অবাক পৃথিবীর প্রতিচ্ছবি। যেখানে থেকে সমস্ত বাধা অতিক্রম করে হাজারো সমস্যার পর কাহিনির চরিত্রগুলো অভীষ্ট লক্ষ্যে পৌছোয়। আলোচ্য 'টুনটুনির বই' গ্রন্থটিতেও এমন অনেক গল্প কথার চরিত্র রয়েছে, সুচতুর শিয়াল পণ্ডিত হোক, বা বোকা জোলা, বোকা কুমির, পিঁপড়ে আর-পিঁপড়ী হোক, এদের বহুমাত্রিক উপস্থাপনার মধ্য দিয়ে রচনাকার দৈনন্দিন জীবনের ছদ্ম-বাস্তবের আড়ালকে ভাঙতে চান। শিশুর চোখে দেখা সে অবাক পৃথিবী তার মতোই এলোমেলো, অদ্ভুত, অথচ উদার। কারণ 'শিশু-মনস্তত্ত্বের বিশ্লেষণে দেখা যায়, তাদের অপরিণত মনন ও মানসিকতাতেও একটা যুক্তি-শৃঙ্খলা থাকে। মনোলোকে শিশু কিশোরদেরও থাকে তাদের নিজের মতে করে নীতিবোধ।'

শিশু মন বিস্ময় আর জিজ্ঞসা দিয়েই চারপাশের জগতকে দেখে। তার পরিচিত রূপকথার সাথে মিলিয়ে দেখতে চায় জগতের অনাচে-কানাচে। শিশু বলেই সে, নিঃসংকোচ, অকুতোভয়, প্রাণ চঞ্চল। রবীন্দ্রনাথ যে শিশুদের সঙ্গে নিয়ে বলেছেন— 'যেমন তেমন এরা বাঁকা বাঁকা কিছু ভাষা দিয়ে কিছু তুলি দিয়ে আঁকা।'

শিশুর পৃথিবী বড়োদের ভূগোলের বাইরে অন্য এক 'আবোল তাবোল', 'শিশু ভোলানাথ'-এর দেশ। যেখানে বড়োদের জীবনের কোনো সাজানো হিসেব নেই। আছে শুধুই আনন্দ। আসলে আমাদের সুপ্ত চেতনায় যে শৈশব চাপা পড়ে যায় জীবনের যোগ-বিয়োগের ক্লান্তিকর খেলায়, তাকেই হয়তো



শিশু-সাহিত্যিকরা মনের মাধুরী দিয়ে নতুন করে সাজিয়ে তোলেন শিশুর কল্পনায়, তার রূপকথায়। আসলে নেপথ্যে থেকে যায় গল্প কথকের পরোক্ষ শৈশবের স্বর। যে স্বরে কথা বলে টুনটুনি পাখি, পান্তা-বুড়ি, শিয়ালও হয় সাক্ষী। এসব কিছু যতই নীতি-শিক্ষা আর বাস্তব জীবনাদর্শকে দেখাক। লোককথার মোড়কে শিশুর চোখে দেখা অবাক পৃথিবীটার স্ন্যাপশট থেকেই যায়, 'টুনটুনির বই'-এর পৃষ্ঠা জুড়ে অদ্ভুত দ্যোতনায়।

আকর গ্রন্থ

১. টুনটুনির বই, উপেন্দ্রকিশোর রায়চৌধুরী, নির্মল বুক এজেন্সী, কলকাতা, প্রথম রঙিন সংস্করণ: মহালয়া ১৪০৭।

# বাংলা শিশুকিশোর সাহিত্য
## চর্চায় চর্যায়

সংকলন
বিতান দে

BANGLA SISHU KISHOR SAHITYA
CHARCHAY CHARJAY
Collection of Essays by various Writers
Compiled by Bitan De

প্রথম প্রকাশ মার্চ ২০২২

গ্রন্থস্বত্ব প্রকাশক

প্রচ্ছদ তর্পণ সরকার

পাঠ সম্পাদনা কস্তুরী গুপ্ত

ISBN: 978-81-955-427-4-1

বিন্যাস আক্ষরিক
মানকুণ্ডু, হুগলি ৭১২ ১৩৯

মুদ্রক শরৎ ইমপ্রেশনস প্রা. লি.
১৮বি, শ্যামাচরণ দে স্ট্রিট
কলকাতা ৭০০০৭৩

প্রকাশক একলব্য
রাজপুর, কলকাতা-৭০০১৪৯

যোগাযোগ ৮৯০২৫০৫৭৫৪/৯৬৭৪৪৯৫০২২
ekalavya.pub.book@gmail.com

ফেসবুক পেজ @chilekothaekalabya

৫২৫ টাকা

প্রকাশকের লিখিত অনুমতি ছাড়া এই বইয়ের কোনো অংশের কোনো ধরনের প্রতিলিপি অথবা পুনরুৎপাদন করা যাবে না। এই শর্ত অমান্য করা হলে উপযুক্ত আইনি ব্যবস্থা নেওয়া হবে।

# সূচি

সংকলন প্রসঙ্গে ৯

'বালক': ঠাকুরবাড়ির উজ্জ্বল কীর্তি ১৩
নিরুপম আচার্য

অবিশ্যি অবিশ্যি সত্যজিৎ রায়ের গল্প ২১
সত্রাজিৎ বসু

শঙ্কুর সন্ধানে ২৮
নির্মাল্য কুমার ঘোষ

'স্টপার, কত দিকের আক্রমণ সামলাবে?' ৪৫
উদয় রতন মুখার্জী

দক্ষিণারঞ্জন মিত্র মজুমদারের 'ঠাকুরমার ঝুলি': বাস্তবের মাটিতে কল্পনার খেলাঘর ৬১
ময়ূরাক্ষী নাথ

ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়-এর 'লুল্লু', ভূত—মানুষ, হাস্যরসের অপূর্ব মেলবন্ধন ৬৭
স্বাতীলেখা রায়

বাংলা শিশু-কিশোর সাহিত্যের ক্রমবিকাশের ধারায় পত্র-পত্রিকা, বিদ্যাসাগর, ঠাকুরবাড়ি ও রায়বাড়ি ৭৮
পার্বতী দাস

# দক্ষিণারঞ্জন মিত্র মজুমদারের 'ঠাকুরমার ঝুলি': বাস্তবের মাটিতে কল্পনার খেলাঘর

ময়ূরাক্ষী নাথ

'শিশু সাহিত্য'— বাংলা সাহিত্য জগতে এক বিশাল জায়গা জুড়ে আছে। আমরা জানি প্রত্যেকটি মানুষকে জন্মের পর থেকে শৈশব— বাল্য-কৈশোর কাল পার করে প্রাপ্ত বয়স্ক মানুষে পরিণত হতে হয়। কৈশোর কালের পূর্ববর্তী পর্যায় গুলিতে প্রত্যেকটি শিশুর মনে থাকে জগৎ এবং জীবন সম্পর্কে নানা জিজ্ঞাসা। এই জিজ্ঞাসাগুলিকে কেন্দ্র করেই গড়ে ওঠে শিশুর এক নিজস্ব জগৎ। শিশুমনের কৌতূহল ও কল্পনা প্রবণতাকে ভিত্তি করে সৃষ্টি হয়েছে শিশুসাহিত্য সম্ভার, যা শিশুর আগ্রহকে বাড়িয়ে তোলে; তার কল্পনার রাজ্যের বিস্তার ঘটায়। এতে শিশুর মানসিক চাহিদা পূর্ণ হয় এবং তা তাকে দেশের ভবিষ্যৎ সুনাগরিক হিসাবে গড়ে উঠতে সহায়তা করে। কারণ শিশু সাহিত্যে থাকে শিক্ষণীয় নীতিবাক্য ও দেশীয় সংস্কৃতি, আচার-প্রথা-সংস্কার-ইতিহাস ছাড়াও ভালো-মন্দ কাজের পরিণাম-ফলের দৃষ্টান্ত।

লোকসাহিত্যবাদীদের মতে শিশু সাহিত্যের জন্ম সমাজের নারী জাতির হাত ধরে ঘটেছিল। এর রূপ ছিল সম্পূর্ণ মৌখিক। মা-মাসি-পিসি-ঠাকুমা-দিদিমা-রা শিশুকে ঘুম পাড়ানোর সময় এই গল্পগুলির সৃষ্টি করে ছিলেন। কল্পনাপ্রবণ শিশুমনের কল্পনায় রূপকথা, পরীকথা, নীতিকথার প্রভাব গভীর ভাবে পড়ে, ভবিষ্যৎ জীবনেও সে সেই মিষ্টি গল্পগুলিকে ভুলতে পারে না। উপেন্দ্রকিশোর রায় চৌধুরীর একটি বক্তব্য এখানে স্মরণযোগ্য—

> "সন্ধ্যায় শিশুরা যখন আহার না করিয়াই ঘুমাইয়া পড়িতে চায় তখন পূর্ববঙ্গের কোন কোন অঞ্চলের স্নেহরূপিনী মহিলাগণ এই গল্পগুলি বলিয়া তাহাদিগকে জাগাইয়া রাখেন। সেই সকল শিশু বড় হইয়াও এই গল্পগুলির মিষ্টতা ভুলতে পারে না।"[১]

যুগ যুগান্তর ধরে চলে আসা এই গল্পসম্ভারগুলির অনেক গল্প সংগৃহীত হয়েছে দক্ষিণারঞ্জন মিত্র মজুমদারের 'ঠাকুরমার ঝুলি' গ্রন্থটিতে। এর গল্পগুলিতে রূপকথার গল্পের বিশিষ্ট রীতি অর্থাৎ রূপ-রস-শব্দ-ছন্দ-ভাব-সজ্জা ইত্যাদি পরিপূর্ণভাবে স্পষ্ট হয়ে ওঠেছে।

পিতা রমদারঞ্জন ও মাতা কুসুমময়ী দেবীর প্রথম সন্তান দক্ষিণারঞ্জন মিত্র মজুমদার ১৮৭৭ সালে ঢাকা জেলার উলাইল গ্রামে জন্মগ্রহণ করেন। মাত্র নয় বছর বয়সে মাতৃহারা হয়ে তাঁর পিসিমা রাজলক্ষ্মী চৌধুরানীর দ্বারা পালিত হন। একদিকে তাঁর নিঃসন্তান পিসিমা মৈমনসিংহ জেলার টাঙ্গাইল মহকুমার অন্তর্গত দীঘাপতিয়া গ্রামের বিত্তশালিনী মহিলা ছিলেন, অন্যদিকে তাঁর কাছে লোককথার ভাণ্ডার ছিল অফুরন্ত। সেই অফুরন্ত ভাণ্ডারের সংস্পর্শে আসার জন্যই দক্ষিণারঞ্জনের ছোটোবেলা থেকেই কল্পনা রাজ্যের প্রতি আকর্ষণ সৃষ্টি হয়। ভবিষ্যৎ জীবনে পিসিমার জমিদারি দেখাশোনার দায়িত্ব এলেও সেই পূর্ব আকর্ষণ থেকে দূরে যেতে পারেননি তিনি। সাহিত্য সাধনার পাশাপাশি গ্রামীণ জীবন সংস্কৃতিকে খুব কাছের থেকে জানার আগ্রহই তাঁকে লোককথা সংগ্রহের জন্য ভবিষ্যৎ জীবনে অনুপ্রাণিত করেছিল। রূপকথার প্রতি তাঁর অদম্য টানের কথা 'ঠাকুরমার ঝুলি'-র গ্রন্থকারের নিবেদন অংশে জানতে পারি— 'পড়ার বইখানি হাতে নিতে নিতে ঘুম পাইত, কিন্তু সেই রূপকথা তারপর তারপর তারপর করিয়া কত রাত জাগাইয়াছে। তারপর শুনিতে শুনিতে শুনিতে, চোখ বুজিয়া আসিত— সেই অজানা রাজ্যের সেই অচেনা রাজপুত্র সেই সাত সমুদ্র তেরো নদীর ঢেউ ক্ষুদ্র বুকখানির মধ্যে স্বপ্নের ঘোরে খেলিয়া বেড়াইতো, আমার মতো দুরন্ত শিশু শান্ত হইয়া ঘুমাইয়া পড়িতাম।' ছোটোবেলায় শোনা সেই মা-ঠাকুমার মুখের গল্পগুলি যথাযথ ভাবে সংগ্রহ করেছিলেন তাঁর রূপকথার সংকলনে। দক্ষিণারঞ্জনের এই প্রয়াসকে সাধুবাদ জানানোর ক্ষেত্রে রবীন্দ্রনাথ সন্দিহান ছিলেন, যা



> "দক্ষিণারঞ্জন বাবুর ঠাকুরমার ঝুলি বইখানি পাইয়া, তাহা খুলিতে ভয় হইতেছিল। আমার সন্দেহ ছিল আধুনিক বাংলার কড়া ইস্পাতের মুখে এই সুরটা পাছে বাদ পড়ে। এখনকার কেতাবী ভাষায় এই সুরটি বজায় রাখা বড়ো শক্ত। আমি হইলে তো এই কাজে সাহসই করিতাম না।"[২]

তবে তাঁর এই প্রশংসাসূচক বাক্য দক্ষিণারঞ্জন মহাশয়ের সংকলিত গ্রন্থটিকে অন্যমাত্রায় পৌঁছে দিয়েছে। তিনি লিখেছেন—

> "কিন্তু দক্ষিণাবাবু ধন্য! তিনি ঠাকুরমার মুখের কথাকে ছাপার অক্ষরে তুলিয়া পুঁতিয়াছেন তবে তাহার পাতাগুলি প্রায় যেমন সবুজ, তেমনি তাজাই রহিয়াছে।"[৩]

শিশুসাহিত্যসম্রাট দক্ষিণারঞ্জন মিত্র মজুমদারের সংকলিত গল্পগুলিতে উল্লেখিত প্রাকৃতিক পরিবেশ, ছড়া, গান, ভাষা, মানুষজন এমনভাবে উঠে এসেছে যাতে শিশুদের খুব আপন মনে হয়। এমনকী কল্প রাজ্যের রূপকথার রাজা রানি, রাক্ষস-খোক্কস, বন্ধু-শত্রু, ব্রাহ্মণ, মন্ত্রী, পাইক-পেয়াদা, সন্ন্যাসী, সেপাই, বাঁদি-দাসী, রাখাল, জল্লাদ, নাপিত, কাঠকুড়ানী, তাঁতি, সওদাগর প্রভৃতি চরিত্রগুলির মাধ্যমে সামাজিক মানুষের প্রকৃতিগুলি ফুটে উঠেছে যা চিরন্তন। সমাজের বাস্তব রূপ। বাস্তব সমাজের চির পরিচিত পেশা, হিন্দু ধর্মের বর্ণাশ্রম প্রথা, ধনী-দরিদ্র সমাজের মানসিক বোধ, যেমন উঠে এসেছে, তেমনি রাজার চিরাচরিত শোষকের ভূমিকা নেওয়া ছাড়াও রাজা মালিকানা বজায় রাখার জন্য মন্ত্রী, কোটাল, সেনাপতি ইত্যাদির মতো চরিত্রগুলিকে আমরা এই গল্পগুলিতে প্রত্যক্ষ করি। রাজার মালিকানা বজায় রাখার জন্য মন্ত্রী, কোটাল, সেনাপতি ইত্যাদির মতো চরিত্রগুলিকে আমরা এই গল্পগুলিতে প্রত্যক্ষ করি।

'সাত ভাই চম্পা' গল্পতে রাজার সাত রানির মধ্যে শুধু মাত্র ছোটো রানি সাতটি সন্তানের জন্ম দেন। তবে এই মাতৃত্বই তার কাল হয়ে দাঁড়ায়। ছয় সতীনের ষড়যন্ত্রে সাতটি মানব সন্তানের জায়গায় ব্যাঙ ও ইঁদুর ছানা দেখে রাজা রেগে গিয়ে ছোটো রানিকে বহিষ্কার করেন শোষকের ভূমিকা নিয়ে। বাস্তব সমাজে সতীন সমস্যা কিংবা নবযৌবনার প্রতি বিগত যৌবনার ঈর্ষাবোধ কীভাবে সর্বনাশ ডেকে আনতে পারে তাই এই গল্প গুলির

দেখতে পাই 'কিরণমালা' গল্পেও। সৎ মন্ত্রীর সৎ পরামর্শে রাজকার্য চালালেও রানির কুকুর ছানা, বিড়াল ছানা এবং কাচের পুতুল সন্তানের সংবাদে রাজা শোষক রূপে রানিকে ঘরছাড়া, রাজ্য ছাড়া করেন। যদিও গল্পের শেষে রাজা তার ভুল বুঝতে পারেন তবুও এইসব ঘটনা আমাদেরকে সমাজের বাস্তব দিকের সঙ্গে পরিচয় করিয়ে দেয়।

অন্যদিকে সেই সময়ের সমাজ বাস্তবতায় বহু বিবাহ যে বহুল পরিমাণে প্রচলিত ছিল তা আমরা প্রায় প্রত্যেক গল্পেই পাই। এক নারীর প্রতি অন্য নারীর ঈর্ষা যেন ঘরে ঘরে খুব স্বাভাবিক ব্যাপার ছিল। এই ঈর্ষা যে কেবলমাত্র সতীনদের মধ্যেই দেখা যেত, তা নয়। সতীন-সম্পর্কহীন নারীদের মধ্যে ঈর্ষাও এই গল্পগুলিতে লক্ষ করা যায়। তা কখনো দেখা যায় এই ঈর্ষা এক বা একাধিক সতীনের মধ্যে আবার কখনো সতীন সম্পর্ক ছাড়াও। 'কাঁকনমালা-কাঞ্চনমালা' গল্পে সতীন সমস্যা বা বহুবিবাহের দিকটি না থাকলেও এক নারীর সুখের প্রতি অন্য নারীর ঈর্ষা ঘটিত কাজের গল্প রয়েছে। রানি কাঞ্চনমালা স্বামীর সূঁচ খোলার জন্য দাসী নিযুক্ত করলে সেই দাসী রানির অলংকার ও পোশাক পরে রাজপ্রাসাদে আধিপত্য প্রতিষ্ঠার প্রচেষ্টা করে। অন্যদিকে রানি কাঞ্চনমালা স্বামীর থেকে দূরে গেলেও স্বামীর কল্যাণের জন্য নানা ব্রত-পূজা পার্বণ করেন। যদিও অবশেষে সমস্ত কিছুই তিনি ফিরে পান, তবে এই হারানো এবং পাওয়ার মাঝখানে গল্পটিতে রূপকথার আড়ালে কঠোর সত্যটি উদ্ভাসিত হয়ে ওঠেছে।

কল্প কথা যে সম্পূর্ণ অবাস্তব তা আমরা একবাক্যে মেনে নিতে পারি না। কারণ কল্পনার বাস্তবটাও তো গল্প স্রষ্টার মননজাত পারিপার্শ্বিক বাস্তব থেকেই সৃষ্ট। তাছাড়া 'সাত ভাই চম্পা' গল্পের সাত ভাই ও বোন পারুলের পুনর্জন্ম কি আমাদের ভারতীয় জন্মান্তরবাদকে মনে করিয়ে দেয় না? ফুলগুলির কথা বলা, তাদের স্পর্শের বাইরে চলে যাওয়াতে তথাকথিত জাদুবিদ্যা কিংবা অলৌকিকতার দিকটিও মনে পড়ে যায় যা আমাদের মনকে সর্বকালেই আকর্ষণ করে আসছে। শিশুমন এই সমস্ত কিছুকে তার সরল বিশ্বাসে গ্রহণ করে। যৌক্তিক মনটি শিশুর কাছে পরিণত অবস্থায় না থাকার জন্যই সে এইসব গল্পগুলির সাহায্যে এক কল্প জগতের সৃষ্টি করে তার মননে, কল্পনায়।

ঠাকুরমার ঝুলির 'কিরণমালা' গল্পটিও যেন জাদু বিদ্যার আরেক স্পষ্ট উদাহরণ। এই গল্পে রাজার তিন সন্তানের খবর কিন্তু তার অন্য রানিরা



জানি, দিয়েছে রানির-ই বড়ো বোনেরা। কুকুরছানা, বিড়ালছানা ও পুতুলছানা হওয়া সংবাদ দেওয়ার পিছনে বড়ো বোনদের কারণ ছিল ছোটোবোনের অঢেল সুখ সমৃদ্ধি ঐশ্বর্য সহ্য করতে না পারার মানসিকতা। রাজা এই সংবাদে প্রবল রুষ্ট হয়ে রানিকে ত্যাগ করেন। অন্যদিকে এক দরিদ্র ব্রাহ্মণ দম্পতি নিজের সন্তানের মতো অরুণ, বরুণ ও কিরণমালাকে বড়ো করে তোলেন। কালক্রমে এই তিন ভাই বোন এক রাজপ্রসাদ তৈরি করলে সন্ন্যাসী যখন বলেন— 'এমন পুরী রূপার গছে ফলবে সোনার ফল/ ঝরবে পড়বে ঝরে মুক্তা-ঝরার জল/হীরার গাছে সোনার পাখির শুনব মধুস্বর/মানিক দানা ছড়িয়ে রবে পথের কাঁকর।।' তখন বোন কিরণমালা ভাইদেরকে এইসব সংগ্রহ করতে বলে। এসব জিনিস সংগ্রহের কাহিনির মধ্যেই লুকিয়ে আছে জাদু বিদ্যার বিশ্বাস জনিত মানসিকতা। একই প্রবণতা আমরা লক্ষ করি 'সুখু আর দুখু' গল্পটিতেও।

এই সব কল্প কথার মধ্য দিয়ে আমরা সমাজের অনেক অজানা দিকগুলিকে আবিষ্কার করতে পারি। মানুষের মন যা সূর্যের রশ্মির গতিকেও হার মানায়— সেই মনের বিশ্বাস-অবিশ্বাসের তল পাওয়া প্রায় অসম্ভব। কিন্তু লোকবিশ্বাসকে বিশ্লেষণের আওতায় এনে সাময়িক ভাবে এর বিচার করা যেতে পারে। দক্ষিণারঞ্জনের 'ঠাকুরমার ঝুলি' রূপকথার কল্প জগতের কাহিনি হলেও বাস্তবকে অস্বীকার করে নয় বরং বাস্তবের মাটিতে দাঁড়িয়ে কল্পনার প্রাসাদ নির্মাণের প্রবণতাই ধরা পড়ে। তাই তো এর বিভিন্ন গল্পে ব্রাহ্মণ, সন্ন্যাসী, সওদাগর, ঢাকী, তাঁতী, দাস-দাসী, কাঠুরিয়া, ঘুঁটে-কুড়ানি প্রভৃতি বৃত্তির মানুষের উপস্থিতি লক্ষ করি। তাছাড়া নিম্নবর্ণ-উচ্চবর্ণ ভেদাভেদও অনেক জায়গায় লক্ষ করা যায়। শুধু তা-ই নয় প্রায় প্রত্যেকটি গল্প রাজা-রানিকে নিয়ে তৈরি হলেও গল্পের অন্তঃস্রোতে মিশে আছে সাধারণ মানুষের জীবন যাত্রার ছবি। তাই তো রানি হওয়া সত্ত্বেও আমরা দেখতে পাই 'কলাবতী রাজকন্যা' গল্পে সাতরানি বাড়ির সাধারণ আরো পাঁচটা বউয়ের মতো ঘর সংসারের কাজ নিজেদের মধ্যে ভাগাভাগি করে নিয়েছে, যা সাধারণ মধ্যবিত্ত পরিবারের একেবারেই সামান্য কথা। এমনকী সদ্যোজাতকের মুখে নুন দিয়ে মারার ঘটনাও দেখি 'কিরণমালা' গল্পে। রূপকথাতে এত নিগূঢ় বাস্তব লুক্কায়িত হয়ে আছে যে, তা বিশ্লেষণ করতে হলে নিবিড় পাঠ ছাড়া অসম্ভব। রূপকথা যে শুধুমাত্র কল্পকথার জগৎ নয়,

বাস্তবতাই এর মূল ভিত, তা অস্বীকার করার উপায় নেই। কিছু কিছু ক্ষেত্রে কল্পনার চোরাবালি সংযুক্ত হয়ে থাকে বলেই একে অলীক বলে ভেবে নেওয়া হয়। উদাহরণ হিসেবে 'কলাবতী রাজকন্যা' গল্পের শেষের অংশে দেখি অনেক দিন পর পাঁচ রাজপুত্র সেপাই লস্কর, মল্লা-মাঝি, ময়ূরপঙ্খী সব নিয়ে বুদ্ধু ভেসে উঠে খুব সহজে, কারণ বুদ্ধুর কোমরে নাকি সূতা বাঁধা ছিল। এই ঘটনাটি শিশু মনকে রহস্যময়তার দিকে আকর্ষণ করে যা কল্পকাহিনির মূল কথা।

এছাড়াও রূপকথায় অনেক বড়ো ভূমিকা নেয় নৈতিকতা। সত্যের জয় ও দুষ্টের দমনে গল্পের পরিণতি হয়ে ওঠে মিলনান্তক। মানুষের জীবনে যতই জটিল সমস্যা আসুক না কেন এর থেকে শুভ পরিত্রাণই সকলের আকাঙ্ক্ষিত থাকে। প্রতিপক্ষ যত শক্তিশালীই হোক না কেন এর নিষ্পত্তি ঘটে গিয়ে শান্তি ফিরে আসাটাই যেন অবশ্যম্ভাবী প্রতিটা গল্পে। রাক্ষস-রাক্ষসীরা, দৈত্য-দানবেরা, পিশাচ-পিশাচীরা কল্প কাহিনিগুলির শেষে বিনাশ হয়েছে যারা প্রতিনিধিত্ব করেছে বাস্তব সমাজের কুপ্রবৃত্তি সম্পন্ন মানুষদের। যুগ যুগান্তর থেকে বয়ে আসা সুধারস সিঞ্চন করে নির্মিত কল্প কাহিনিগুলি দক্ষিণারঞ্জন মিত্র মজুমদারের 'ঠাকুরমার ঝুলি'-তে যেন জীবন্ত হয়ে উঠেছে। যার বহমানতার পরিধি মাপা কোনো একা মানুষের পক্ষে সম্ভব নয়। রূপকথার ছন্দ রূপ ভাব সজ্জা নিয়ে পরিপূর্ণ হয়ে 'ঠাকুরমার ঝুলি'-র গল্পগুলি একশত বছরের বেশি সময় ধরে মূল্যবোধ, ন্যায়-নীতি, সত্য ও সুন্দরের জয়গান গেয়ে এসেছে যা এই বিশ্বায়নের যুগে বাস্তবতাকে গভীরে রেখে আজও শিশুমনে কল্পনার খেলাঘর নির্মাণে সফলতার শিখর ছুঁয়ে আছে। এটা সত্যিই প্রশংসনীয় ও অতুলনীয়।

তথ্যসূত্র

১. রায় চৌধুরী, উপেন্দ্রকিশোর, *টুনটুনির বই*, সুবর্ণরেখা, কলকাতা-৯, দ্বিতীয় মুদ্রণ ২০১০, ভূমিকাংশ দ্রষ্টব্য।
২. মিত্র মজুমদার, দক্ষিণারঞ্জন, *ঠাকুরমার ঝুলি*, গীতাঞ্জলি, কলকাতা— ৭৩, প্রথম গীতাঞ্জলি সংস্করণ, সেপ্টেম্বর ২০১৭, পৃ. ৪।
৩. প্রাগুক্ত।

# ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়-এর 'লুল্লু', ভূত—মানুষ, হাস্যরসের অপূর্ব মেলবন্ধন

শ্রীলেখা রায়

...শক্তিমান সাহিত্যিক হওয়া সত্ত্বেও ত্রৈলোক্যনাথ অনালোচিত রয়ে গেছেন। আজকের প্রজন্মের অনেকেই তার নামই হয়তো শোনেনি। অথচ ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়ের কাহিনিগুলোর অভিনবত্ব দেখলে আশ্চর্য হতে হয়। প্রকৃতপক্ষে ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায় একজন শক্তিশালী লেখক। বঙ্কিম যুগের যে কজন কথাকার বাংলা সাহিত্যের ক্ষেত্রে বিশিষ্টতম স্থান রেখেছেন, ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায় তাদের মধ্যে অন্যতম।

মানুষের প্রতি অকৃত্রিম ভালোবাসাই ত্রৈলোক্যনাথ মুখোপাধ্যায়ের (১৮৪৭- ১৯১৯) সমস্ত জীবনব্যাপী কর্মযজ্ঞের প্রেরণা স্বরূপ। মানুষের শুভ বুদ্ধি যাতে জাগ্রত হয় সে বিশেষ উদ্দেশ্য নিয়েই সাহিত্য সাধনায় ব্রতী হয়েছিলেন ত্রৈলোক্যনাথ। "If children live with criticism, they learn to condemn..."— কথাটা কেবল শিশুদের ক্ষেত্রে নয়, বয়স্কদের ক্ষেত্রেও সমানভাবে প্রযোজ্য। সমাজ ও সমাজের ভেতরের মানুষদের শুধরে দেওয়ার পণ করেছিলেন বলে এই গুরুদায়িত্ব হয়ে দাঁড়িয়েছিল তাঁর সাধনা ও যাপিত জীবনের আবশ্যিক অঙ্গ।

এখন কথা হচ্ছে, শুধরে দেওয়ার ব্যাপারটি কীভাবে হলে তা ...কাজের কাজ হয়। মুখের উপর "তুমি দোষী" বললে তা কারো পক্ষেই মেনে নেওয়া কষ্টসাধ্য। কিন্তু সেটা যদি গল্পের ছলে বলা হয় !! তাও